শেখ হাসিনার বাংলাদেশ
পরিচ্ছন্ন পরিবেশ

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পরিবেশ অধিদপ্তর
পরিবেশ ভবন, ই/১৬, আগারগাঁও
শেরে বাংলা নগর, ঢাকা-১২০৭।
www.doe.gov.bd

নং-২২.০২.০০০০.০১৮.০৬.০০১.২২ . ৩২৯

তারিখঃ২৪০৯.২০২৩ খ্রিঃ।

**সভার নোটিশ**

পরিবেশ অধিদপ্তরের বিদ্যমান সেবা প্রদান প্রতিশ্রুতি নিয়মিত পরিবীক্ষণের লক্ষ্যে "সেবা প্রদান প্রতিশ্রুতি পরিবীক্ষণ কমিটি" এর ১ম ত্রৈমাসিক সভা আগামী ২৫ সেপ্টেম্বর ২০২৩ তারিখ রোজ সোমবার সকাল ৯.০০ টায় পরিবেশ অধিদপ্তরের নতুন ভবনের ২য় তলায় (রুম নং ২০১) কমিটির আহবায়ক ও পরিচালক (পরিবেশগত ছাড়পত্র) জনাব মোঃ মাসুদ ইকবাল মো: শামীম এর সভাপতিত্বে অনুষ্ঠিত হবে। উক্ত সভায় কমিটির সকল সদস্যকে যথাসময়ে উপস্থিত থাকার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

ড. সাইফুল ইসলাম
সহকারী পরিচালক (সেবা)
ও
সদস্যসচিব
"সেবা প্রদান প্রতিশ্রুতি পরিবীক্ষণ কমিটি"

বিতরণঃ জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়
১। উপপরিচালক (প্রচার), পরিবেশ অধিদপ্তর, সদর দপ্তর, ঢাকা।
২। উপপরিচালক (পরিচালক ছাড়পত্র), পরিবেশ অধিদপ্তর, সদর দপ্তর, ঢাকা।
৩। উপপরিচালক (বর্জ্য ও রাসায়নিক পদার্থ ব্যবস্থাপনা), পরিবেশ অধিদপ্তর, সদর দপ্তর, ঢাকা।

অনুলিপি: সদয় অবগতির জন্য

১। পরিচালক (পরিচালক ছাড়পত্র), পরিবেশ অধিদপ্তর, সদর দপ্তর, ঢাকা।
২। পরিচালক (প্রশাসন), পরিবেশ অধিদপ্তর, সদর দপ্তর, ঢাকা।
৩। সহকারী পরিচালক (সেবা), পরিবেশ অধিদপ্তর, সদর দপ্তর, ঢাকা (সভায় আপ্যায়নের অনুরোধসহ)।
৪। সহকারী পরিচালক, মহাপরিচালক মহোদয়ের দপ্তর, পরিবেশ অধিদপ্তর, ঢাকা।
(মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)

**"সেবা প্রদান প্রতিশ্রুতি পরিবীক্ষণ কমিটি" এর ১ম ত্রৈমাসিক সভায় উপস্থিত কমিটির সদস্যগণের হাজিরা বিবরণীঃ**

স্থান: পরিবেশ অধিদপ্তরের নতুন ভবনের ২য় তলায় (রুম নং ২০১)।
তারিখ ও সময়: ২৫ সেপ্টেম্বর ২০২৩ তারিখ সকাল ৯.০০ টা
সভাপতি: জনাব মোঃ মাসুদ ইকবাল মো: শামীম, পরিচালক (পরিবেশগত ছাড়পত্র)

| ক্রমিক নং | কর্মকর্তার নাম ও পদবী | মোবাইল<br>ইমেইল | স্বাক্ষর |
|---|---|---|---|
| ০১ | মাসুদ ইকবাল মো: শামীম<br>পরিচালক | | [signature] |
| 02 | মো: আবুল কালাম আজাদ<br>উপপরিচালক (ঢাকা ল্যাব) | akazad.doe@gmail | [signature] |
| ০৩ | মুহাম্মদ মুজাহিদুল ইসলাম<br>উপপরিচালক (প্রশা) | muzahiddoe15@gmail.com | [signature] |
| ০৪ | ড. সাইফুল ইসলাম<br>সহকারী পরিচালক (মেট্রো)<br>পরিবেশ অধিদপ্তর, সদর দপ্তর | ০১৭১৪৩০৬৭০১<br>msi412@yahoo.com | [signature] |
| | | | |
| | | | |
| | | | |

শেখ হাসিনার বাংলাদেশ
পরিচ্ছন্ন পরিবেশ


গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
**পরিবেশ অধিদপ্তর**
পরিবেশ ভবন, ই/১৬, আগারগাঁও
শের-ই-বাংলানগর, ঢাকা ১২০৭
www.doe.gov.bd


নম্বর: ২২.০২.০০০০.০১৮.০৬.০০১.২২.৩৬২

তারিখ: ১০/০৬/১৪৩০ বঙ্গাব্দ
২৫/০৯/২০২৩ খ্রিষ্টাব্দ

**বিষয়: সেবা প্রদান প্রতিশ্রুতির নিয়মিত পরিবীক্ষণের লক্ষ্যে গঠিত কমিটির সভার কার্যবিবরণী।**

| | | |
|---|---|---|
| সভাপতি | : | মাসুদ ইকবাল মো: শামীম, পরিচালক (পরিবেশগত ছাড়পত্র), পরিবেশ অধিদপ্তর, সদর দপ্তর, ঢাকা। |
| স্থান | : | পরিবেশ অধিদপ্তরের নতুন ভবনের ২য় তলায় অবস্থিত ২০১ নং কক্ষ |
| তারিখ | : | ২৫ সেপ্টেম্বর ২০২৩ খ্রিষ্টাব্দ |
| সময় | : | সকাল ৯:০০ টা |
| উপস্থিতি | : | পরিশিষ্ট-ক দ্রষ্টব্য |

সভায় উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভাপতি সভার কাজ শুরু করেন। তিনি উল্লেখ করেন যে, সেবা প্রদান প্রতিশ্রুতি অনুসারে সেবা প্রদান কার্যক্রম নিয়মিত পরিবীক্ষনের জন্য মন্ত্রীপরিষদ বিভাগের নির্দেশনা রয়েছে। পরিবেশ অধিদপ্তরের আওতাধীন মাঠ পর্যায়ের কার্যালয়সমূহের সেবাপ্রদান কার্যক্রম নিয়মিত পরিবীক্ষণ করা হলে সংশ্লিষ্ট দপ্তরসমূহের সেবার গুনগতমান বৃদ্ধি পাবে বলে আশা করা যায়। অতঃপর সেবা প্রদান প্রতিশ্রুতির নিয়মিত পরিবীক্ষণের লক্ষ্যে গঠিত কমিটির সদস্য উপপরিচালক (পরিবেশগত ছাড়পত্র) জনাব মোঃ আবুল কালাম আজাদ জানান যে, ইতোঃমধ্যে সরকার কর্তৃক পরিবেশ সংরক্ষণ বিধিমালা, ১৯৯৭ রহিত করে পরিবেশ সংরক্ষণ বিধিমালা ২০২৩ জারী করা হয়েছে। কিন্তু পরিবেশ অধিদপ্তরের সিটিজেন চার্টারটি এখনও পরিবেশ সংরক্ষণ বিধিমালা ২০২৩ এর আলোকে হালনাগাদ করা হয়নি। ফলে পরিবেশ সংরক্ষণ বিধিমালা ২০২৩ অনুযায়ী ছাড়পত্র সংক্রান্ত সেবা গ্রহণের ক্ষেত্রে প্রয়োজনীয় তথ্য পেতে সংশ্রিষ্ট সেবা প্রত্যাশিদের অসুবিধা হচ্ছে। তিনি জরুরীভিত্তিতে সিটিজেন চার্টারটি হালনাগাদ করার বিষয়ে গুরুত্বারোপ করেন।

২। অতঃপর সেবা প্রদান প্রতিশ্রুতির নিয়মিত পরিবীক্ষণের লক্ষ্যে গঠিত কমিটির সদস্য সচিব ড. সাইফুল ইসলাম জানান যে, সিটিজেট চার্টারে উল্লিখিত সময়ে মধ্যে সেবা প্রত্যাশিগণ যথাযথ ভাবে সেবা পাচ্ছে কিনা তা পরিবীক্ষনের জন্য কমিটি কর্তৃক আগামী সভার পূর্বে অধিদপ্তরের মাঠ পর্যায়ের কয়েকটি জেলা কার্যালয় থেকে ছাড়পত্র সংক্রান্ত সেবা গ্রহণ করেছেন এমন কিছু সেবা গ্রহীতার নাম ও যোগাযোগের মাধ্যম (মোবাইল/টেলিফোন নম্বর) সংগ্রহ করা যেতে পারে। আগামী সভায় সংগৃহীত সেবা গ্রহীতাদের সাথে মোবাইল বা টেলিফোনে আলোচনা করে পরিবেশ অধিদপ্তর হতে গৃহীত সেবা সম্পর্কে তাদের মতামত জানা যাবে এবং প্রয়োজনে সংশ্রিষ্ট সেবা প্রদান সহজীকরনের তাদের পরামর্শ চাওয়া যেতে পারে মর্মে আলোচনা করা হয়।

৩। সভায় উপরে উল্লিখিত বিষয়সমূহসহ সেবাপ্রদান প্রতিশ্রুতি সংক্রান্ত অন্যান্য বিষয়ে বিস্তারিত আলোচনার পর সর্বসম্মতিক্রমে নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ গ্রহণ করা হয়:

(ক) আগামী ৭ (সাত) দিনের মধ্যে পরিবেশ সংরক্ষণ বিধিমালা ২০২৩ অনুসরণে ছাড়পত্র ও ছাড়পত্র নবায়ন প্রদানসহ বিভিন্ন সেবা প্রদানের পদ্ধতি, প্রয়োজনীয় কাগজপত্র ও প্রাপ্তিস্থান, সেবার মূল্য ও পরিশোধ পদ্ধতি, সেবা প্রদানের সময়সীমা ও দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তার নাম, পদবী, ফোন নম্বর ও ইমেইল উল্লেখপূর্বক হালনাগাদ সিটিজেন চার্টার পরিবেশ অধিদপ্তরের ওয়েবসাইটে প্রকাশ করতে হবে।

(খ) সেবাগ্রহীতাগণ সিটিজেন চার্টার অনুযায়ী সেবা পেয়েছেন কিনা তা পরিবীক্ষনের জন্য আগামী সভার পূর্বে অধিদপ্তরের গাজীপুর, নরসিংদী ও নারায়নগঞ্জ জেলা কার্যালয় থেকে ছাড়পত্র সংক্রান্ত সেবা গ্রহণ করেছেন এমন ১০ (দশ) জন সেবা গ্রহীতার নাম, মোবাইল নম্বর ও সংশিলষ্ট প্রতিষ্ঠানের নামের তালিকা সংগ্রহ করতে হবে।

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

২৫।০৯।২৩

**(মাসুদ ইকবাল মো: শামীম)**
পরিচালক (পরিবেশগত ছাড়পত্র)
ও
আহবায়ক,"সেবা প্রদান প্রতিশ্রুতির নিয়মিত পরিবীক্ষণের লক্ষ্যে গঠিত কমিটি"
পরিবেশ অধিদপ্তর, সদর দপ্তর, ঢাকা
ফোন:২২২২১৮৩৪২

**বিতরণ**: জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়
১. উপপরিচালক (প্রচার), পরিবেশ অধিদপ্তর, সদর দপ্তর, ঢাকা।
২. উপপরিচালক (পরিচালক ছাড়পত্র), পরিবেশ অধিদপ্তর, সদর দপ্তর, ঢাকা।
৩. উপপরিচালক (বর্জ্য ও রাসায়নিক পদার্থ ব্যবস্থাপনা), পরিবেশ অধিদপ্তর, সদর দপ্তর, ঢাকা।

১০/০৬/১৪৩০ বঙ্গাব্দ
নম্বর: ২২.০২.০০০০.০১৮.০৬.০০১.২২ তারিখ: -------------------------
২৫ /০৯/২০২৩ খ্রিষ্টাব্দ

**অনুলিপি:** সদয় অবগতি ও কার্যার্থে
১. মহাপরিচালক, পরিবেশ অধিদপ্তর, সদর দপ্তর, ঢাকা।
২. অতিরিক্ত মহাপরিচালক, পরিবেশ অধিদপ্তর, ঢাকা।
৩. পরিচালক (প্রশাসন/আইটি), পরিবেশ অধিদপ্তর, সদর দপ্তর, ঢাকা।
৪. উপপরিচালক (আইটি), পরিবেশ অধিদপ্তর, সদর দপ্তর, ঢাকা।

২৫.০৯.২০২৩

**(ড. সাইফুল ইসলাম)**
সহকারী পরিচালক (সেবা)
ও
ও
সদস্য সচিব,"সেবা প্রদান প্রতিশ্রুতির নিয়মিত পরিবীক্ষণের লক্ষ্যে গঠিত কমিটি"
পরিবেশ অধিদপ্তর, সদর দপ্তর, ঢাকা
ফোন: ২২২২১৮৩৯৮